

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
জেলা সমাজসেবা কার্যালয়
২নং নিউ ইক্সট্রন রোড, ঢাকা।

পত্র নং-৪১.০১.২৬০০.০০০.২৮.৪৮(১২).১৫-

২২০৮

তারিখ :- ২৫/০৮/১২

সভাপতি/সাধারণ সম্পাদক

“বাংলাদেশ নার্সিং লিডারশীপ নেটওয়ার্ক”


বাড়ী-৩৬ (ফ্ল্যাট-ই-১), রোড-১৮, ব্লক-জে, বনানী, ঢাকা।

বিষয় : সংস্থার নামের ছাড়পত্র প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৯৬১ সনের ৪৬নং অধ্যাদেশের (স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থা সমূহের নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আওতায় তফসীলে বর্ণিত কার্যক্রমসমূহ ঢাকা জেলায় সীমাবদ্ধ রাখার শর্ত সাপেক্ষে “বাংলাদেশ নার্সিং লিডারশীপ নেটওয়ার্ক” নামের ছাড়পত্র প্রদান করা হলো।

শর্তসমূহ :

০১. উক্ত ছাড়পত্র কোন সংগঠনের নিবন্ধন নহে। ছাড়পত্রের স্মারক নম্বর কোনভাবেই নিবন্ধন নম্বর হিসাবে ব্যবহার করা যাবে না।
০২. কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন ছাড়পত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
০৩. যে নামে ছাড়পত্র প্রদান করা হলো উক্ত নামে কোন নিবন্ধীকৃত সংস্থা পাওয়া গেলে ছাড়পত্রে উল্লেখিত নামটি বাতিল করা হবে এবং নতুন নামের ছাড়পত্র গ্রহণ করতে হবে।
০৪. অনুমোদিত নামে পত্র জারীর ৪৫ (পাঁয়তালিশ) দিনের মধ্যে নিবন্ধনের জন্য সংযুক্ত বি-ফরম ও গাইড লাইন অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে ব্যর্থ হলে নামটি বাতিল বলে গণ্য হবে এবং নাম নির্বাচনের জন্য পুনরায় আবেদন করতে হবে।
০৫. স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ এর তফসিল {২-ধারার (চ) উপ-ধারা} বর্ণিত ১৫টি কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে।


(মোঃ মাঝহারুল ইসলাম)
নিবন্ধীকরণ কর্তৃপক্ষ

ও

উপপরিচালক

জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

বিতরণ : (সদর জ্ঞাতার্থে ও কার্যার্থে)।

০১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৩. পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৪. সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যক্রম-৪, ঢাকা।